



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষিই সমৃদ্ধি

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বা/এ ঢাকা

সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ

www.badc.gov.bd

নম্বর: ১২.০৬.০০০০.২০৫.১৮.০০১.১৯.৬৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬

০৩ সেপ্টেম্বর ২০১৯

পরিপত্র

বিষয়: 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬' বাস্তবায়ন।

সরকার কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬' প্রণয়ন করা হয়েছে। উক্ত নির্দেশিকার আওতায় সংস্থার 'বিএডিসি ভাবনা' ফেসবুক গ্রুপ এবং 'বিএডিসি' ফেসবুক পেজ ব্যবহারে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

নির্দেশনাসমূহ:

- ক) 'বিএডিসি ভাবনা' ফেসবুক গ্রুপ এবং 'বিএডিসি' ফেসবুক পেজ এ যেকোন পোস্ট, কমেন্ট ও কন্টেন্ট প্রকাশ করার ক্ষেত্রে 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬' আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।
- খ) 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬' এর সাথে সাংঘর্ষিক এবং/অথবা অশোভনীয় পোস্ট, কমেন্ট ও কন্টেন্ট 'বিএডিসি ভাবনা' পরিচালনাকারী এডমিন/ মডারেটর ব্লক বা ডিলিট করতে পারবে।
- গ) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর কোন কর্মচারী 'বিএডিসি ভাবনা' ফেসবুক গ্রুপ, 'বিএডিসি' ফেসবুক পেজে নিজের নামে, ছদ্ম নামে কিংবা অন্যের নামে ফেসবুক আইডি/ গ্রুপ/ পেজে বিএডিসি'র কোন কর্মচারী কিংবা বিএডিসি'র বিরুদ্ধে অশোভনীয় এবং/অথবা শিষ্টাচার বহির্ভূত কোন পোস্ট, কমেন্ট ও কন্টেন্ট আপলোড কিংবা শেয়ার করা যাবে না। এ নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইন/ বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঘ) 'বিএডিসি ভাবনা' এর সদস্য হিসেবে কোন ছদ্ম নাম ব্যবহার করা যাবে না। ছদ্ম নাম ব্যবহার করে কোন পোস্ট, কমেন্ট ও কন্টেন্ট প্রকাশের অনুরোধ জানানো হলে, ছদ্ম নাম ব্যবহারকারীকে চিহ্নিত করে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঙ) 'সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৬' এর সঙ্গে সাংঘর্ষিক ও আপত্তিকর কোন পোস্ট, কমেন্ট ও কন্টেন্ট আপলোডকারী/ পোস্টকারী/ কমেন্টকারী/ শেয়ারকারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২. এ বিষয়ে চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের অনুমোদন রয়েছে।

৪-৯-২০১৯

আব্দুল লতিফ মোল্লা
সচিব

বিতরণ:

- ১),,
- ২) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
- ৩) কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন [বিএডিসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো]
- ৪) সকল বিভাগীয় প্রধান (বিএডিসি)
- ৫) সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/ অর্থ/ ক্ষুদ্রসেচ/ সার ব্যবস্থাপনা)/ সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।